



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/১৭১৭

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
০৭ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কালাদী শাহাজউদ্দীন জামেয়া-ই-ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কাঞ্চন, উপজেলাঃ রূপগঞ্জ, জেলাঃ নারায়ণগঞ্জ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৬.১২.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। বিভিন্ন শিক্ষামূলক বিষয়ের উপর গবেষণাধর্মী সেমিনারের আয়োজন করতে হবে।
- ২। মাদরাসায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক গভর্নিং বডি থাকতে হবে।
- ৩। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে।
- ৪। শিক্ষার্থীদের ক্লাসমুখী করে যথাসময়ে সিলেবাস সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৫। জাতীয় দিবসগুলোতে বিষয়ভিত্তিক আলোচনা সভা ও প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। শ্রেণিকক্ষে গাইড বইয়ের ব্যবহার নিষিদ্ধ করতে হবে।
- ৭। সকল কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৮। সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৯। মাদরাসার শিক্ষকদের পাঠদান উন্নত হতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ১০। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

Satish Chandra
০৭.০৫.২০১৭

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

কালাদী শাহাজউদ্দীন জামেয়া-ই-ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ কাঞ্চন, উপজেলাঃ রূপগঞ্জ, জেলাঃ নারায়ণগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, কালাদী শাহাজউদ্দীন জামেয়া-ই-ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কাঞ্চন, উপজেলাঃ রূপগঞ্জ, জেলাঃ নারায়ণগঞ্জ।
- ৮। অফিস নথি।